দৈনিক ইনকিলাব

02 NOV 1998
পৃঃ ১ কলাম ৬

# কামিল ও ফাযিল পরীক্ষায় পাসের হার যথাক্রমে ৭৮.৫৬ ও ৮৫.৭৯ ভাগ

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ফাযিল ও কামিল পরীক্ষার ফলাফল গতকাল (রবিবার) প্রকাশিত হয়েছে। গত মে-জুন মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। ফাযিল পরীক্ষায় পাসের হার শতকরা ৭৮ দশমিক ৫৬ ভাগ।

কামিল পরীক্ষার চারটি বিভাগে পাসের গড় হার ৮৫ দশমিক ৭৯ শতাংশ। ফাযিল পরীক্ষায় ২ হাজার ২১ জন ছাত্রীসহ মোট ২১ হাজার ৩শ' ৮৮ জন পরীক্ষার্থী অংশ নিয়েছেন। এদের মধ্যে ৫শ' ৯২ জন প্রথম বিভাগ, ১০ হাজার ৫শ' ৮ জন দ্বিতীয় বিভাগ এবং ৫ হাজার ৭শ' ৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ১৬ হাজার ৮শ' ৩ জন। ফাযিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় নোয়াখালী চন্দ্রগঞ্জ কারামতিয়া আলিয়া মাদ্রাসার মুহাম্মদ আনোয়ার হোসাইন ৭৯৭ নম্বর পেয়ে প্রথম, একই মাদ্রাসার মুহাম্মদ আমিনুল এহসান ৭৯৩ নম্বর পেয়ে দ্বিতীয় এবং কুমিল্লা ইসলামিয়া আলীয়া মাদ্রাসার মোহাম্মদ ছফিউল্লাহ ৭৮৭ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছেন।

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## কামিল ও ফাযিল পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

কামিল হাদীস ফিকহ, তাফসীর ও আদব বিভাগে ২শ' ৯৩ জন ছাত্রীসহ ১০ হাজার ২শ' ৫০ জন পরীক্ষার্থী অংশ নেন। এদের মধ্যে ১ হাজার ৩৩ জন প্রথম শ্রেণীতে, ৬ হাজার ৮শ' ৯৭ জন দ্বিতীয় শ্রেণীতে এবং ৮শ' ৬৩ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন।

কামিল পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় ঢাকা মাদ্রাসা-ই আলিয়ার মোশাররফ হোসনে ৮৫৭ নম্বর পেয়ে প্রথম, ঢাকা তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মোঃ মিজানুর রহমান ৮৫৪ নম্বর পেয়ে দ্বিতীয় এবং নরসিংদী জামেয়া-ই কাসেমিয়ার মোঃ রফিকুল ইসলাম ৮৫২ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছেন। কামিল হাদীস বিভাগে ২৩৭ জন ছাত্রীসহ ৬ হাজার ৯শ' ৫০ জন পরীক্ষার্থী অংশ নেন। এদের মধ্যে ৬শ' ৪৬ জন প্রথম শ্রেণী, ৪ হাজার ৭শ' ৭০ জন দ্বিতীয় শ্রেণী এবং ৬শ' ৫১ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। এ বিভাগে পাসের হার ৮৭ দশমিক ২৯ শতাংশ।

কামিল ফিক্‌হ বিভাগে ২৪ জন ছাত্রীসহ ১ হাজার ৪শ' ৯ জন পরীক্ষার্থী অংশ নেন। এদের মধ্যে ১ হাজার ১শ' ৪৩ জন প্রথম শ্রেণী, ৮শ' ৬৪ জন দ্বিতীয় শ্রেণী এবং ৬৭ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। এ বিভাগে পাসের হার ৭৬ দশমিক ২২ শতাংশ।

কামিল তাফসীর বিভাগে ৩০ জন ছাত্রীসহ ১ হাজার ৫শ' ১৮ জন পরীক্ষার্থী অংশ নেন। এদের মধ্যে ১শ' ৩০ জন প্রথম শ্রেণীতে ১ হাজার ৬০ জন দ্বিতীয় শ্রেণীতে এবং ১শ' ৪২ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। এ বিভাগে পাসের হার ৮৭ দশমিক ৭৫ শতাংশ।

কামিল আদব বিভাগে ২ জন ছাত্রীসহ ৩শ' ৭৩ জন পরীক্ষার্থী অংশ নেন। এদের মধ্যে ১শ' ১৪ জন প্রথম শ্রেণী, ২শ' ৩ জন দ্বিতীয় শ্রেণী এবং ৩ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছেন। এ বিভাগে পাসের হার ৮৫ দশমিক ৭৯ শতাংশ।